

ওইসিডি পলিসি

(OECD Policy-Organization for Economic Cooperation and Development)

ভূমিকাঃ ওইসিডি হলো একটি অনন্য ফোরাম, যেখানে সরকারগুলি অর্থনৈতিক, সামাজিক এবং বিশ্বায়নের পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলার জন্য কাজ করে। ওইসিডি নতুন বিকাশ এবং উদ্বেগের বিষয়ে প্রতিক্রিয়া জানানোর জন্য সরকারকে সহায়তা করে থাকে।

লক্ষ্যঃ নীতি অনুশীলনকারী হিসাবে আমরা ক্রমবর্ধমান ভাবে যে সকল চ্যালেঞ্জ এর সম্মুখীন হচ্ছ সেই বিষয়ে বায়ার/ক্রেতার সুরক্ষা নিশ্চিত করা।

এই লক্ষ্য ও উদ্দেশকে সামনে রেখে আমরা এবং আমাদের ব্যবসায়ীক অংশীদারগণ গুরুত্বপূর্ণ ব্যবসায়ীক কার্যক্রম এবং পরিবেশ সংরক্ষনে নিম্নোক্ত সামাজিক আদর্শের প্রতি দায়বদ্ধ।

সামাজিক আদর্শঃ

জাতিসংঘ এবং আই এল ও কনভেনশনের উইনিভার্সেল ডিক্লারেশন এবং শিশু অধিকার কনভেনশন অনুযায়ী নারীদের প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরণ এবং শিশু অধিকার রক্ষায় আমরা আন্তর্জাতিক ভাবে স্বীকৃত সামাজিক এবং পরিবেশ আদর্শকে আমাদের আদর্শ বলে বিবেচনা করি। সে ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় গুলি বিষেশ ভাবে বিবেচ্য।

লিগাল কমপ্লায়েন্সঃ

আই এল ও এবং ইউ এন কনভেনশন সম্পর্কিত সকল ইন্ট্রুমেন্টস এবং প্রায়োগীক সকল জাতীয় আইন কানুন ও কারখানার ন্যূনতম অদর্শের বাস্তবায়ন আমাদের পলিসির অন্যতম লক্ষ্য।

সংগঠনের দ্বারীনতাঃ

শ্রমিক কর্মচারীগণ দ্বারীনতাবে সংগঠন করার জন্য স্বীকৃতিপ্রাপ্ত এবং আমরা শ্রমিকদের অধিকারের প্রতি শুক্রাশীল। শ্রমিক কর্মচারীগণ যারা আইন অনুযায়ী এবং শাস্তিপূর্ণ ভাবে সংগঠন করতে চান তারা অবশ্যই দেশের প্রচলিত আইন কানুন মেনে তা করতে পারবেন।

বৈষম্য দূরীকরণ / সম-অধিকারঃ

শ্রমিক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে জাতি, বর্ণ, জাতীয়তা, নৈতিকতা, ধর্ম, বয়স, যৌনতা, অথবা বৈবাহিক অবস্থার কারণে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে তাদের প্রতি কোন প্রকার বৈষম্যমূলক আচরণ করা হয় না।

কমপেনসেশনঃ

নিয়মিত কর্মঘন্টা এবং অতিরিক্ত কর্ম ঘন্টার জন্য মজুরী প্রদান করা হয় যা কোম্পানীর নিজস্ব পরিমাপ এবং আইন অনুযায়ী ন্যূনতমের সাথে সামঞ্জস্য অথবা তার চেয়ে বেশী। মজুরী থেকে অননুমোদিত অথবা আইন বহিভূত ভাবে কোন প্রকার কর্তন করা হয় না। কোম্পানী এমন একটি কাঠামোতে মজুরী পরিশোধ করতে প্রতিজ্ঞাবদ্ধ যা তাদের পারফরমেন্সের পুরুক্ষ হিসাবে বিবেচিত হয়। কোম্পানী কমপেনসেশন, ছুটি, মাতৃকালীন সুবিধাবলী এবং যে কোন ধরনের আর্থিক সুবিধাদি সম্পর্কিত নিয়ম কানুন অথবা ছানায় চৰ্চা বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ।

কাজের শর্তাবলীঃ

আমরা সকল শ্রমিক কর্মচারীদের প্রতি সম্মান ও মর্যাদা প্রদর্শন করে থাকি এবং তাদের নিরাপদ ও স্বাস্থ্যসম্ভাব্য কর্মপরিবেশ প্রদান করার পাশাপাশি কর্মপরিবেশ সংক্রান্ত প্রচলিত সকল নিয়ম কানুন প্রয়োগ করে থাকি। সামরিক ভাবে দণ্ডাদেশ প্রাণ অথবা মানসিক প্রতিবন্ধীদের আমরা কর্মক্ষেত্রে নিয়োগ করি না।

কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং নিরাপত্তা:

কোম্পানীতে পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তার ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট নীতিমালা এবং প্রক্রিয়া প্রতিষ্ঠা করা হয়েছে। স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষার প্রয়োজনীয় চর্চা এবং ক্রমাগত উন্নতির জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ যাহা ভাল কারখানা চর্চাকে প্রতিফলিত করে। আমরা আমাদের সাব-কন্ট্রাক্টরদের তাদের কর্মক্ষেত্রে সোস্যাল কমপ্লায়েন্স বাস্তবায়নের জন্য উদ্বৃদ্ধ করি।

পরিবেশগত বিষয়ঃ

আমরা বাংলাদেশ সরকারের পরিবেশ সম্পর্কিত প্রয়োগীক আইন সমূহ প্রয়োগে দৃঢ় প্রতিষ্ঠা। পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করতে কাঁচামাল ব্যবহারের প্রতিয়া, উৎপাদনগত দ্রব্য সামগ্রী এবং ব্যবহার জনিত উদ্বৃত্ত সমূহ ডিস্পোজাল করতে আমরা পরিবেশ সংরক্ষণ আইন এবং সংশি- ষ্ট নিয়ন্ত্রকদের গাইডলাইন এবং আদর্শকে অনুসরন করে থাকি।

ম্যানেজমেন্ট প্রাকটিসঃ

উপরে বর্ণিত সামাজিক চাহিদা সমূহ আমাদের কোম্পানী পলিসির অন্তর্ভূক্ত। শ্রমিক কর্মচারীদের উল্লেখিত বিষয়সূচী সম্পর্কে অবহিত করা হয়। এই কোড এবং জাতীয় আইনের আলোকে আমরা আমাদের ব্যবসায়ীক পার্টনারদেরকে সোস্যাল কমপ্লায়েন্স বাস্তবায়নের জন্য উদ্বৃদ্ধ করি।